তারিখ ২৭ ... ২০১৭
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

যুগান্তর

# গাজীপুরে কলেজ মাঠে আ'লীগের জনসভা : পরীক্ষার কেন্দ্র পরিবর্তন

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুর জেলা আওয়ামী লীগের জনসভার কারণে মাস্টার্স প্রথমপর্ব পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। এ পরীক্ষাটি গাজীপুর চান্দনা চৌরাস্তার আশপাশে কয়েকটি কলেজে অনুষ্ঠিত হবে। জনসভার কারণে পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করায় ব্যাপক আলোচনা-সমালোচনা হচ্ছে অভিভাবক ও শিক্ষার্থীদের মাঝে।

জানা গেছে, ২৯ জুলাই শনিবার গাজীপুর মহানগরীর ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ মাঠে জেলা আওয়ামী লীগের উদ্যোগে জনসভা আহ্বান করা হয়েছে। সমাবেশটি সফল করতে এরই মধ্যে জেলার থানাসহ বিভিন্ন ইউনিটের কর্মিসভা, বর্ধিত সভার আয়োজন করা হয়। জেলা ও উপজেলা শহর থেকে শুরু করে প্রত্যন্ত গ্রাম পর্যন্ত ব্যাপকভাবে পোস্টারিং ও লিফলেট বিতরণ করা হয়। প্রতিদিনই চলে মাইকিং। নবগঠিত গাজীপুর জেলা আওয়ামী লীগের জেলা কমিটির আহ্বানে এই প্রথম জনসভা। তাই জনসভাকে জনসমুদ্রে রূপ দিতে রয়েছে নানা প্রস্তুতি। সমাবেশটি ওইদিন বিকালে অনুষ্ঠিত হবে ভাওয়াল বদরে আলম কলেজ মাঠে। আর সেদিন সারা দেশের মতো এ কলেজেও কেন্দ্র রয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স প্রথমপর্বের ফাইনাল পরীক্ষা। ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হচ্ছে টঙ্গী সরকারি কলেজ শিক্ষার্থীদের পরীক্ষা। আর পরীক্ষার্থীর মোট সংখ্যা প্রায় ১ হাজার ৬০০। সেদিন পরীক্ষা অনুষ্ঠিত হবে দুপুর দেড়টা থেকে বিকাল সাড়ে ৫টা পর্যন্ত। জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে কলেজ কর্তৃপক্ষের কাছে ওই দিন বিকালে সমাবেশ করতে মাঠের অনুমোদন চাইলে রাজনৈতিক সমাবেশের জন্য মাঠটি বরাদ্দ দেয় কলেজ কর্তৃপক্ষ। এ কারণে পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করে ভাওয়াল কলেজের পাশে কমার্স কলেজ ও সিটি কলেজ কেন্দ্রে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নেয় কলেজ কর্তৃপক্ষ। এ ব্যাপারে ভাওয়াল বদরে আলম কলেজের অধ্যক্ষ জেরিনা সুলতানা জানান, কলেজ মাঠের অনুষ্ঠানটিতে সরকারের কয়েকজন মন্ত্রী আসবেন বলেই বিষয়টি বেশি গুরুত্ব দেয়া হয়েছে। অনুষ্ঠানের জন্য পরীক্ষার্থীদের যাতে কোনো সমস্যা না হয়, সেজন্য পরীক্ষাটি চান্দনা স্কুল, কমার্স কলেজ ও সিটি কলেজে নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আর জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে অবহিত করেই কেন্দ্রটি পরিবর্তন করা হয়েছে। এতে পরীক্ষার্থীদের কোনো সমস্যা হবে না।

পরীক্ষার্থী রেজাউল করিম জানান, কেন্দ্র পরিবর্তনের বিষয়টি সহপাঠীদের কাছ থেকে জেনেছেন। তিনটি কলেজের মধ্যে কোন কলেজে তার সিট পড়বে, তা তিনি শুক্রবার দুপুরেও জানতে পারেননি। তিনি জানান, পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের কারণে অনেক শিক্ষার্থীকেই ঝামেলায় পড়তে হতে পারে। একজন শিক্ষার্থীর অভিভাবক সাইদুর রহমান জানান, যেসব কলেজে ভেন্যু স্থানান্তর করা হয়েছে, তাও সমাবেশস্থলের কাছাকাছি হওয়ায় সেখানেও সমাবেশের কারণে নানা ধরনের প্রভাব পড়তে পারে।